

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১০১.২৩ নথির বিষয়: Cleaning work of Sludge Lagoon (East) of SWTP, Phase-1
নোট: ১ নোটের বিষয়: Cleaning work of Sludge Lagoon (East) of SWTP, Phase-1

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৭/২৩ ৭:৫২ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের মাধ্যমে ডিএনডি খাল ও টুইন বক্স কালভার্ট রক্ষণাবেক্ষণ, সাপাশো প্ল্যান্টের অভ্যন্তরে সিভিল অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং পরিশোধিত পানি ট্রান্সমিশনের জন্য ব্যবহৃত ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। যেহেতু আলোচ্য কাজটি প্ল্যান্টের অভ্যন্তরে সিভিল অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের আওতায় পড়ে, সেহেতু আলোচ্য নথিটি অত্র বিভাগের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৫/৭/২৩ ৭:৫৪ অপরাহ্ন

সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এ দুইটি মাজ লেগুন রয়েছে, যা পূর্ব ও পশ্চিম নামে অভিহিত। যার একটি চালু রাখা অবস্থায় অপরটি স্ট্যান্ড বাই থাকে। পানি শোধন করার সময় মাজ লেগুনে জমা হয় এবং আস্তে আস্তে লেগুন ভরাট হয়ে যায়। ইতিমধ্যে পশ্চিম পাশের লেগুনটি পরিষ্কার করা হয়েছে। বর্তমানে পূর্ব পাশের লেগুনটি প্রায় ভরে গেছে। লেগুনের তলদেশে স্থাপিত পাইপের ভিতরে মাজ জমা হওয়ার কারণে পাইপ সমূহ গ্রাউ বক্স হয়ে গেছে। তাই লেগুনে পুঞ্জীভূত এবং মাজ লেগুনের তলদেশে স্থাপিত পাইপের ভিতরে আটকানো মাজ পরিষ্কার করা প্রয়োজন। প্রস্তাবিত কাজটি করা হলে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পূর্ব পার্শ্বের মাজ লেগুনটি পরিষ্কার করা সম্ভব হবে। ফলে মাজ ধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/৭/২৩ ৮:০০ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১) ধারায় সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহবানের মাধ্যমে বর্ণিত কাজটি করা যেতে পারে। আলোচ্য কাজটি বিশেষায়িত তথা প্ল্যান্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ হওয়ায় আলোচ্য কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঢাকা ওয়াসার তালিকভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে যোগ্য ঠিকাদার নিয়োজিত করার জন্য সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) প্রয়োগের প্রস্তাব করা হয়েছে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৭/২৩ ৮:০৩ অপরাহ্ন

আলোচ্য কাজের প্রস্তাবিত দাপ্তরিক প্রাক্কলন দাঁড়িয়েছে ৮৪,৯৫,৫৪৩.৯৫০ (চার লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত তেতাল্লিশ দশমিক নয় পাঁচ মাত্র) টাকা। যার ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএডএম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করার অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজটি পানি ও পয়ঃ শোধনাগার (ওএডএম) (কোড ০১-০৪-০১১) খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১২২ এবং প্যাকেজ নং- W-33 এ অন্তর্ভুক্ত করা আছে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৫/৭/২৩ ৮:০৮ অপরাহ্ন

কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত e-PW-2b অনুসরণ করে খসড়া দরপত্র দলিল প্রণয়ন করা হয়েছে। প্রণীত খসড়া দরপত্র দলিলে ক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০২ দ্রঃ)। ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, দরপত্র দলিল প্রণয়ন, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনাসহ কার্যক্রম সংক্রান্ত সকল পদক্ষেপ গ্রহণ করা হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। সংযুক্ত ক্রমিক নং- ০১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। সংযুক্ত ক্রমিক নং- ০২। খসড়া দরপত্র দলিল।
- ৩। সংযুক্ত ক্রমিক নং- ০৩। আলোচ্য কাজের নক্সা।
- ৪। সংযুক্ত ক্রমিক নং- ০৪। দরের স্বপক্ষে প্রমানিক দলিল।
- ৫। সংযুক্ত ক্রমিক নং- ০৫। আলোচ্য কাজের ক্যালকুলেশন শীট।
- ৬। সংযুক্ত ক্রমিক নং- ০৬। আলোচ্য কাজের প্রাক্কলন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৫/৭/২৩ ৮:১১ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ-১.০ হতে ১.৪ পর্যন্ত এর বিস্তারিত বর্ণনালোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Cleaning work of Sludge Lagoon (East) of SWTP, Phase-1 শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারে :-

ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহবানের অনুমোদন;

খ) আলোচ্য কাজের জন্য উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮৪,৯৫,৫৪৩.৯৫০ (চার লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত তেতাল্লিশ দশমিক নয় পাঁচ মাত্র) টাকার অনুমোদন;

গ) উপস্থাপিত খসড়া Tender Document e-PW-2b ব্যবহার করে ক্রয় সম্পাদনের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৫/৭/২৩ ৮:১২ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/৭/২৩ ৬:১৩ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/৭/২৩ ১০:২৬ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/৭/২৩ ১০:২৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২৬/৭/২৩ ১০:৪৩ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.5

	
২৬/৭/২৩ ১০:৪৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৬/৭/২৩ ১০:৪৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২৯/৭/২৩ ১০:০৪ অপরাহ্ন

অনুমোদিত

			
২৯/৭/২৩ ১০:০৪ অপরাহ্ন মোঃ কামরুল হাসান - প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৯/৭/২৩ ১০:৪২ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/১১/২৩ ৫:৩৮ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৬/১১/২৩ ৫:৫৬ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)